

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০৫.০০১.২০.১৫/


তারিখঃ ০৩ মাঘ, ১৪২৭
১৭ জানুয়ারি, ২০২১

অফিস আদেশ

জনাব মোঃ নুরুল ইসলাম সরদার, কর পরিদর্শক, পরিদর্শী রেঞ্জ-৩, কর অঞ্চল-১২, ঢাকা-কে ১৯৫৯ সনের ছুটি বিধিমালার ৩(১)(২)(বি) বিধি মোতাবেক নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে ১৬/১২/২০২০ খ্রিঃ হতে ২৫/১২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০(দশ) দিন চোখ ও হার্টের চিকিৎসার জন্য ভারত ভ্রমণের অনুমতিসহ নিম্নবর্ণিত শর্তে বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হলোঃ

- (ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন ২০১১ খ্রিঃ তারিখের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) এর অনুচ্ছেদ-১০ অনুযায়ী অনুমতি প্রদান করা হলো।
- (খ) তাঁর চোখ ও হার্টের চিকিৎসার জন্য ভারত গমনের উদ্দেশ্যে;
- (গ) প্রস্তাবিত ভ্রমণে ১৬/১২/২০২০ খ্রিঃ তারিখ হতে ২৫/১২/২০২০ খ্রিঃ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১০ (দশ) দিন সময় প্রয়োজন হবে;
- (ঘ) তিনি ইতিপূর্বে ২৮/০৫/২০১৯ খ্রিঃ হতে ০৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০ (দশ) দিন ভারতে বহিঃবাংলাদেশ ছুটি ভোগ করেছেন।
- (ঙ) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় ব্যয় নিজ চাকরি জীবনের সঞ্চয়কৃত অর্থ হতে বহন করবেন। ফলে তাঁর এই ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- (চ) আরও শর্ত থাকে যে, মঞ্জুরীকৃত উক্ত বহিঃ বাংলাদেশ ছুটি কোন অবস্থাতেই বর্ধিত করা যাবে না;
- (ছ) ছুটিকালীন বেতন-ভাতাদি বাংলাদেশী মুদ্রায় গ্রহণ করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(মোঃ জসিম উদ্দিন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০৫.০০১.২০.১৫/২০(২)

তারিখঃ ০৩ মাঘ, ১৪২৭
১৭ জানুয়ারি, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। কর কমিশনার, কর অঞ্চল-১২, ঢাকা।
- ০২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (তাকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অফিসার ইন-চার্জ, ইমিগ্রেশন, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ০৬। পুলিশ ইমিগ্রেশন অফিসার, বুড়িমারী/লালমনিরহাট/বেনাপোল/যশোর/আখাউড়া স্থলবন্দর/ব্রাহ্মণবাড়ীয়া/দর্শনা/চুয়াডাঙ্গা।
- ০৭। জনাব মোঃ নুরুল ইসলাম সরদার, কর পরিদর্শক, পরিদর্শী রেঞ্জ-৩, কর অঞ্চল-১২, ঢাকা।


(মোঃ জসিম উদ্দিন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)